

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৪৬৫

৬/ মুসাফির ব্যক্তির সালাত ও তা ক্সর করার বর্ণনা (کتاب صلاة المسافرين وقصرها)
পরিচ্ছেদঃ ৬/৪৩. সূরাহ ফাতিহা ও সূরাহ আল-বাকারার শেষ অংশের মর্যাদা এবং সূরাহ আল বাকারার শেষ দু'
আয়াত পডার প্রতি উৎসাহ দান।

فضل الفاتحة وخواتيم سورة البقرة والحث على قراءة الآيتين من آخر البقرة

আরবী

حديث أَبِي مَسْعُودٍ الْبَدْرِيِّ رضي الله عنه، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: الآيَتَانِ مِنْ آخِرِ سُورَةِ الْبَقَرَةِ، مَنْ قَرَأَهُمَا فِي لَيْلَةٍ كَفَتَاهُ

বাংলা

৪৬৫. বাদরী সাহাবী আবূ মাস'উদ (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, সূরাহ্ বাকারাহর শেষে এমন দু'টি আয়াত রয়েছে যে ব্যক্তি রাতের বেলা আয়াত দু'টি তিলাওয়াত করবে তার জন্য এ আয়াত দু'টোই যথেষ্ট। অর্থাৎ রাত্রে কুরআন মাজীদ তেলাওয়াত করার যে হক রয়েছে, কমপক্ষে সূরাহ্ বাকারার শেষ দু'টি আয়াত তেলাওয়াত করলে তার জন্য তা যথেষ্ট।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৪ : মাগায, অধ্যায় ১২, হাঃ ৪০০৮; মুসলিম, পর্ব ৬; মুসাফির ব্যক্তির সালাত ও তা কসর করার বর্ণনা, অধ্যায় ৪৩, হাঃ ৮০৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ মাসউদ আনসারী (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=42691

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন